

মরিচের আগা মরা রোগ (Anthracnose)

রোগের কারণ : *Colletotrichum capsici* নামক ছত্রাকের আক্রমণে এ রোগটি হয়।

রোগের বিস্তার : বীজ, বিকল্প পোষক এবং গাছের পরিত্যক্ত অংশের মাধ্যমে এ রোগ ছড়ায়। আর্দ্র আবহাওয়া ও অধিক বৃষ্টিপাত এ রোগ বিস্তারে সহায়তা করে।

রোগের লক্ষণ:

- মরিচ গাছের নতুন ডগা, ডাল, ফুলের কুঁড়ি, ফল এ রোগে প্রথম আক্রান্ত হয়।
- এ রোগের আক্রমণে গাছের আক্রান্ত অংশ যেমন পাতা, কাণ্ড ও ফল উপর হতে মরতে থাকে এবং গাছ ফ্যাকাশে বর্ণ ধারণ করে। মরা ডালে ও ফলে ছোট ছোট দাগ দেখা যায়।
- গাছ দুর্বল হয়ে পড়ে এবং ফল ধারণক্ষমতা কমে যায়।
- ফলের উপর গোলাকার কালো রিং বিশিষ্ট গাঢ় ক্ষতের সৃষ্টি হয় এবং এটি ধীরে ধীরে বৃদ্ধি পেয়ে ফলকে পচিয়ে দেয়। মরিচের আক্রান্ত স্থান পানি ভেজা এর মত দেখা যায়।
- আক্রান্ত ফল ঝরে পড়ে।
- ব্যাপকভাবে আক্রান্ত হলে গাছ দ্রুত মরে যায়।



ছবি : মরিচের আগা মরা রোগ

দমন ব্যবস্থা:

- সুস্থ ও সবল ফল থেকে বীজ সংগ্রহ করতে হবে।
- মরিচ গাছ লাগানোর আগে জমি ভালভাবে চাষ দিতে হবে এবং ৫-৮ দিন রোদে ফেলে শুকাতে হবে।
- প্রোভেন্স-২০০ বা ব্যভিস্টিন (প্রতি কেজি বীজে ২.৫ গ্রাম) দ্বারা বীজ শোধন করে বপন করতে হবে।
- পানি নিকাশের ব্যবস্থা করতে হবে।
- গাছের পরিত্যক্ত অংশ, আগাছা ও আশপাশের ধুতুরা জাতীয় গাছ একত্র করে ধ্বংস করে ফেলতে হবে।
- রোগ দেখা দেয়ার সাথে সাথে প্রতি লিটার পানিতে প্রোপাকোনাভল গ্রুপের টিল্ট ২৫০ ইসি ০.৫ মিলিলিটার হারে মিশিয়ে ১০ দিন পর পর স্প্রে করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।